



পঞ্চম শ্রেণীর সমাপনী পরীক্ষা রবিবার

প্রকাশিত: ১৬ - নভেম্বর, ২০১৮ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার ॥ পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীদের প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু হচ্ছে আগামী রবিবার। এবার পরীক্ষায় বসছে সারাদেশের ৩০ লাখ ৯৫ হাজার ১২৩ শিশু। পরীক্ষায় এবার ছাত্রের চেয়ে ছাত্রী দুই লাখ ১৯ হাজার ৭৮৬ বেশি। বৃহস্পতিবার সচিবালয়ে সংবাদ সম্মেলনে পরীক্ষার এ তথ্য তুলে ধরে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার বলেছেন, নির্বাচনের কারণে পরীক্ষা ও ফল প্রকাশে দেরি হবে না। যথাসময়েই ফল প্রকাশ হবে। এছাড়া পূর্ব ঘোষণা অনুসারেই এবার সমাপনী পরীক্ষায় এমসিকিউ বাদ দেয়া হয়েছে। পরীক্ষার সময় কোচিং সেন্টার বন্ধ থাকবে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী বলেছেন, এবার দুটি পরীক্ষায় মোট পরীক্ষার্থী ৩০ লাখ ৯৫ হাজার ১২৩। এর মধ্যে প্রাথমিক সমাপনীতে ২৭ লাখ ৭৭ হাজার ২৭০ ও ইবতেদায়ীতে তিন লাখ ১৭ হাজার ৮৫৩। প্রাথমিক সমাপনীতে পরীক্ষার্থীদের মধ্যে ১২ লাখ ৭৮ হাজার ৭৪২ জন ছাত্র এবং ১৪ লাখ ৯৮ হাজার ৫২৮ জন ছাত্রী। ইবতেদায়ী সমাপনীতে ছাত্র এক লাখ ৬৬ হাজার ৮১৪ জন এবং ছাত্রী এক লাখ ৫১ হাজার ৩৯ জন। প্রাথমিক সমাপনীতে তিন হাজার ৬৩ ও ইবতেদায়ীতে ২৩১ জনসহ মোট ৩ হাজার ২৯৪ বিশেষ চাহিদা সম্পন্ন (অটিস্টিক) পরীক্ষার্থী অংশ নেবে। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন প্রাথমিক শিক্ষা মহাপরিচালক ড. মোঃ আবু হেনা মোস্তাফা কামাল, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. এএফএম মঞ্জুর কাদির, অতিরিক্ত সচিব মোঃ গিয়াস উদ্দিন প্রমুখ।

নিয়ন্ত্রণ কক্ষ ও ভিজিল্যান্স টিম ॥ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদফতরের কর্মকর্তাদের সমন্বয়ে প্রতিটি জেলায় পরীক্ষা কার্যক্রম পরিদর্শনের জন্য ভিজিল্যান্স টিম গঠন করা হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষ খোলা হয়েছে জানিয়ে মন্ত্রী বলেন, মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন নম্বর ৯৫১৫৯৭৭ ও ই-মেইল সড়সবংপয২@মসধরষ.পড়স এবং অধিদফতরের নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন নম্বর ৫৫০৭৪৯১৭, ০১৮৫৫০৮০৩০৭ ও ০১৭১২১০৬৩৬৯। ই-মেইল- ddestabdpe@gmail.com। নিয়ন্ত্রণ কক্ষ থেকে পরীক্ষা সংক্রান্ত সব তথ্য জানা যাবে।

পরীক্ষার সময়সূচী ॥ প্রাথমিক সমাপনীতে ১৮ নবেম্বর ইংরেজী, ১৯ নবেম্বর বাংলা, ২০ নবেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ২২ নবেম্বর প্রাথমিক বিজ্ঞান, ২৫ নবেম্বর গণিত এবং ২৬ নবেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা পরীক্ষা হবে।

ইবতেদায়ী সমাপনীতে ১৮ নবেম্বর ইংরেজী, ১৯ নবেম্বর বাংলা, ২০ নবেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং বিজ্ঞান, ২২ নবেম্বর আরবি, ২৫ নবেম্বর গণিত, ২৬ নবেম্বর কুরআন ও তাজবীদ এবং আকাঈদ ও ফিকহ বিষয়ের পরীক্ষা।